থিষলনীকীয়দের প্রতি দ্বিতীয় পত্র

1 থিষলনীকীয় মণ্ডলীর উদ্দেশ্যে আমি পৌল, সীল ও তীমথিয় এই চিঠি লিখছি। তোমরা আমাদের ঈশ্বর পিতা ও প্রভু যীশু খ্রীষ্টের সঙ্গে যুক্ত।

2পিতা ঈশ্বর ও প্রভু যীশু খ্রীষ্টের অনুগ্রহ ও শান্তি তোমাদের সহবর্তী হোক।

3ভাই ও বোনেরা, তোমাদের জন্য আমরা সব সময় ঈশ্বরকে ধন্যবাদ দিয়ে থাকি আর আমাদের তাই-ই করা উচিত। কারণ তোমাদের বিশ্বাস আশ্চর্যজনকভাবে বৃদ্ধিলাভ করেছে ও পরস্পরের প্রতি তোমাদের যে ভালবাসা তা দ্রুত বৃদ্ধিলাভ করছে। 4বিভিন্ন ঈশ্বরের মণ্ডলীতে তোমাদের বিষয়ে আমরা গর্ব প্রকাশ করি; কিভাবে তোমরা বিশ্বাসে বলিষ্ঠ হয়ে উঠেছ ও বিশ্বাসে স্থির আছ এসব কথা আমরা তাদের বলি। তোমরা অনেক নির্যাতন ও কষ্টভোগের মধ্য দিয়ে যাচ্ছ, তবুও তোমরা ধৈর্যে ও বিশ্বাসে স্থির আছ।

ঈশ্বরের বিচারের বিষয়ে পৌল বললেন

5এইসব বিষয় ঈশ্বরের ন্যায়বিচারের স্পষ্ট প্রমাণ। ঈশ্বর চান তোমরা তাঁর রাজ্যের যোগ্য বলে গণ্য হবে; আর সেই জন্যেই তোমরা এত কষ্টভোগ করছ। 6বাস্তবে ঈশ্বরের দৃষ্টিতে এটাই ন্যায্য। যারা তোমাদেরকে কষ্ট দেয়, তিনি তাদেরকেও প্রতিফলস্বরূপ কষ্ট দেবেন। 7তোমরা যারা এখন কষ্ট পাচ্ছ, ঈশ্বর আমাদের সাথে তোমাদেরও বিশ্রাম দেবেন। যখন যীশু প্রকাশিত হবেন ও পরাক্রমশালী স্বর্গদূতদের সঙ্গে নিয়ে স্বর্গ থেকে নেমে আসবেন, তখন এইসব ঘটবে। 8যারা ঈশ্বরকে জানে না এমন লোকদের শাস্তি দিতে তিনি স্বর্গ থেকে জ্বলন্ত অগ্নিসহ নেমে আসবেন। আমাদের প্রভু যীশু খ্রীষ্টের সুসমাচারের নির্দেশ যারা পালন করে না, তিনি তাদেরও শাস্তি দেবেন। 9তারা অনন্তকাল বিনাশরূপ শাস্তি ভোগ করবে। তারা প্রভুর সঙ্গে থাকতে পারবে না এবং তাঁর মহাপরাক্রমের মহিমা থেকে তাদের দূরে রাখা হবে। 10সেইদিন যীশু তাঁর পবিত্র লোকদের দ্বারা মহিমান্বিত হতে আসবেন, আর যারা যীশুতে বিশ্বাস করেছে তারা সবাই যীশুতে চমৎকৃত হবে। বিশ্বাসী ভাই ও বোনেরা, তোমরাও সেই বিশ্বাসীবর্গের মধ্যে থাকবে, কারণ আমরা যে বাণী তোমাদের বলেছি তাতে তোমরা বিশ্বাস করেছ।

11আর এই জন্যই আমরা তোমাদের জন্য সর্বদা প্রার্থনা করে চলেছি, যেন ঈশ্বর যে পবিত্র জীবনযাপন করার উদ্দেশ্যে তোমাদের আহ্বান করেছেন তার যোগ্য বলে বিবেচিত হও। আরো প্রার্থনা করি যেন তাঁর শক্তি দ্বারা তিনি তোমাদের সদিচ্ছায় পূর্ণ সমস্ত বাসনা পূর্ণ করেন ও তোমাদের বিশ্বাস হতে উৎপন্ন প্রত্যেক কাজকে আশীর্বাদ করেন; 12যেন আমাদের ঈশ্বর ও প্রভু যীশু খ্রীষ্টের অনুগ্রহ অনুসারে আমাদের প্রভু যীশু খ্রীষ্টের নাম তোমাদের মাধ্যমে মহিমান্বিত হয় আর তোমরাও তাতে মহিমান্বিত হও। সেই মহিমা আমাদের ঈশ্বর ও প্রভু যীশু খ্রীষ্টের অনুগ্রহ থেকে লাভ হয়।

মন্দ ঘটনা ঘটবে

2 আমার ভাই ও বোনেরা, আমাদের প্রভু যীশু খ্রীষ্টের আগমণ সম্পর্কে আমি তোমাদের কিছু বলতে চাই। আমরা যখন একসঙ্গে তাঁর সাক্ষাতে মিলিত হতে যাব সেই সময়টা সম্পর্কে তোমাদের কিছু জানাতে চাই। 2আমি অনুরোধ করি প্রভুর দিন এসে গেছে শুনে তোমাদের বিবেচনা বোধ হারিও না, বা বিচলিত হয়ো না। কেউ কেউ হয়তো ভাববাণী কোরে বা বিশেষ বার্তার মাধ্যমে তা বলতে পারে। আমাদের কাছ থেকে পাওয়া এ সম্পর্কে কোন চিঠি কেউ পড়তে পারে। 3দেখ কেউ যেন এ বিষয়ে তোমাদের কোনভাবে প্রতারিত করতে না পারে। সেই দিন আসার আগে পৃথিবীতে ঈশ্বরের বিরুদ্ধে বিদ্রোহ দেখা যাবে। সেই পাপপুরুষ, ধ্বংস হওয়ায় যার ভাগ্যে লেখা আছে, সে প্রকাশিত না হওয়া পর্যন্ত সেই দিন আসবে না। 4যা কিছু ঈশ্বর নামে আখ্যাত ও উপাসনার যোগ্য সে তার বিরোধিতা করবে ও সবার উপরে নিজেকে প্রতিষ্ঠিত করবে। সেই পাপ পুরুষ এমনকি ঈশ্বরের মন্দিরে গিয়ে সেখানে আসন করে নেবে এবং ঘোষণা করবে যে সে ঈশ্বর। 5তোমাদের কি মনে পড়ে না, এমন যে ঘটবে তার বিবরণ আমি তোমাদের কাছে থাকার সময় জানিয়েছিলাম!

6তোমরা জান, কোন শক্তি ঐ পাপ পুরুষকে বাধা দিয়ে রাখছে যাতে সে নিরুপিত সময়ে প্রকাশ পায়। 7আমি এসব বলছি কারণ মন্দতার সেই গোপন শক্তি এখনই জগতে কাজ করে চলেছে; কিন্তু একজন রয়েছেন যিনি এই শক্তিকে প্রতিরোধ করে আসছেন, তিনি তা করতেই থাকবেন যতক্ষণ না তা দূর হয়। 8তারপর সেই পাপপুরুষ প্রকাশিত হবে; আর প্রভু তাঁর মুখের তেজোময় নিঃশ্বাস এবং আবির্ভাবের মহিমা দ্বারা সেই পাপপুরুষকে ধ্বংস করবেন। 9শয়তানের শক্তিতে সেই পাপপুরুষ আসবে। সে মহাপরাক্রমের সাহায্যে নানা ছলনাময়ী অলৌকিক কাজ, অদ্ভুত লক্ষণ ও চিহ্ন দেখাবে। 10যারা বিনাশপথের যাত্রী তাদের ভ্রান্তিজনক বিষয়ে সে ভুলাবে। পরিত্রাণ পাবার জন্য যে সত্য রয়েছে তা ভালবাসতে যারা অস্বীকার করছে,

তারাই সেই বিনাশপথের যাত্রী। 11তাই ঈশ্বর ওদের
মধ্যে এমন এক শক্তি পাঠিয়েছেন, যাতে ওরা ভুল
কাজ করে। 12তাই যারা সত্যে বিশ্বাস করল না, ও
মন্দ বিষয়ে আনন্দ করল তারা বিচারে দোষী সাব্যস্ত
হবে।

তোমরা পরিত্রাণের জন্য মনোনীত

13প্রভুর প্রিয় ভাই ও বোনেরা, তোমাদের জন্য
আমাদের সর্বদা ঈশ্বরকে ধন্যবাদ দেওয়া উচিত। এইজন্য
ঈশ্বর প্রথম থেকেই তোমাদের মনোনীত করেছিলেন
যাতে আত্মায় পবিত্র করে এবং সত্যকে বিশ্বাস সহকারে
গ্রহণ করার মাধ্যমে তোমরা পরিত্রাণ পাও। 14যে
সুসমাচার আমরা প্রচার করেছিলাম তার মাধ্যমে ঈশ্বর
তোমাদের আহ্বান করেছিলেন, যাতে তোমরা আমাদের
প্রভু যীশু খ্রীষ্টের মহিমার সহভাগী হতে পার। 15তাই
ভাই ও বোনেরা, শক্ত হয়ে দাঁড়াও; আর আমরা
তোমাদের যে শিক্ষা দিয়েছি সে বিষয়েও বিশ্বাসে স্থির
থাক। মৌখিকভাবে ও পত্রের দ্বারা এইসব বিষয়ে আমরা
তোমাদের শিক্ষা দিয়েছিলাম।

16-17আমরা প্রার্থনা করি যে স্বয়ং প্রভু যীশু খ্রীষ্ট ও
ঈশ্বর পিতা তোমাদের সান্ত্বনাদান করুন ও যা কিছু
সৎ কাজ তোমরা কর ও বল তার জন্য শক্তি দান
করুন। ঈশ্বর আমাদের ভালবেসেছিলেন এবং তাঁর
অনুগ্রহে আমাদের এক আশা ও সান্ত্বনা দিয়েছিলেন,
যা চিরকাল বিরাজ করবে।

আমাদের জন্য প্রার্থনা করো

3 সবশেষে এই কথা বলছি, আমার ভাই ও বোনেরা
আমাদের জন্য প্রার্থনা করো। প্রার্থনা করো যেন
প্রভুর শিক্ষা দ্রুত গতিতে বিস্তার লাভ করে, প্রার্থনা
করো যেন লোকে সেই শিক্ষার সম্মান করে, যেমন
সম্মান তোমরা করেছিলে। 2প্রার্থনা করো যেন আমরা
মন্দ ও খারাপ লোকদের হাত থেকে রক্ষা পাই। সবাই
তো আর প্রভুকে বিশ্বাস করে না।

3কিন্তু প্রভু বিশ্বস্ত, তিনিই তোমাদের শক্তি দেবেন
ও মন্দ শক্তির (শয়তানের) হাত থেকে রক্ষা করবেন।
4তোমাদের সম্বন্ধে প্রভুতে আমাদের এই দৃঢ় বিশ্বাস
আছে যে, আমরা যা যা আদেশ করেছি সেই সমস্ত
তোমরা পালন করছ ও আমরা জানি এর পরেও তা
করবে। 5আমরা প্রার্থনা করছি যেন প্রভু তোমাদের
হৃদয়কে ঈশ্বরের ভালবাসার পথে ও খ্রীষ্টের ধৈর্যের
পথে চালনা করেন।

কার্য্যের বাধ্যবাধকতা

6আমার ভাই ও বোনেরা, আমরা আমাদের প্রভু
যীশু খ্রীষ্টের নামে তোমাদের এই আদেশ দিচ্ছি যে,
কোন ভাই যদি অলসভাবে দিন কাটায়, এবং তোমরা
আমাদের কাছ থেকে যে শিক্ষা পেয়েছ, সেই মত না
চলে তবে তার কাছ থেকে দূরে থাক। 7তোমরা নিজেরা
জান যে আমরা যেমন চলি, তোমাদের তেমনি চলা
উচিত। আমরা যখন তোমাদের ওখানে ছিলাম, আমরা
অলস ছিলাম না। 8কারো কাছ থেকে খাবার খেলে,
আমরা তা মূল্য দিয়েই খেয়েছি। আমরা কাজ করতাম
যেন কারো বোঝাস্বরূপ না হই। দিনে বা রাতে আমরা
পরিশ্রম করেছি। 9তোমাদের কাছ থেকে সাহায্য পাবার
অধিকার আমাদের ছিল; কিন্তু আমরা নিজের হাতে
কাজ করেছি, যেন আমরা আমাদের সংস্থান নিজেরা
করে নিতে পারি; আর তোমাদের কাছে নিজেদেরকে
আদর্শরূপে দেখাতে চেয়েছিলাম যাতে তোমরা আমাদের
অনুসরণ করতে পার।

10কারণ আমরা যখন তোমাদের কাছে ছিলাম তখন
তোমাদের এই আদেশ দিতাম যে, যদি কেউ কাজ
করতে না চায়, তবে সে যেন না খায়। 11তবু আমরা
শুনতে পেয়েছি, তোমাদের মধ্যে কেউ কেউ কাজ করতে
অস্বীকার করছে। তারা কিছুই করে না, কিন্তু তারা
অন্যদের ব্যাপারে নাক গলায়। 12এইরকম লোকদের
আমরা প্রভু যীশু খ্রীষ্টের নামে আদেশ ও উপদেশ
দিচ্ছি যেন শান্তভাবে পরিশ্রম করে নিজেদেরই অন্ন
নিজেরা জোগাড় করে। প্রভু যীশুর নামে আমরা
বিশেষভাবে তাদের বলছি তারা যেন এইভাবে চলে।
13ভাই ও বোনেরা, সৎকাজ করতে কখনও ক্লান্ত হয়ো
না। 14যদি কেউ এই চিঠিতে আমরা যা লিখেছি, তা
না মানতে চায়, তবে তাকে চিনে রাখো, আর তার কাছ
থেকে দূরে থাক, যেন সে লজ্জা পায়।

15অথচ তার সঙ্গে শত্রুর মত আচরণ করো না,
বরং তাকে ভাই বলে চেতনা দাও।

শেষ বাক্য

16আমরা প্রার্থনা করি যে, শান্তির প্রভু নিজে সব
সময় সব অবস্থায় তোমাদের শান্তি দান করুন। প্রভু
তোমাদের সকলের সাথে থাকুন।

17এই শুভেচ্ছা আমি পৌল নিজে হাতে লিখলাম;
প্রত্যেক চিঠিতে এটাই চিহ্ন, আমি এইরকম লিখে থাকি।

18আমাদের প্রভু যীশু খ্রীষ্টের অনুগ্রহ তোমাদের
সকলের সঙ্গে থাকুক।